

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৮৮

আগরতলা, ২৪ জানুয়ারি, ২০২০

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

মহান প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী শ্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্রের নাগরিক আমরা। দেশকে অখন্ড, শক্তিশালী এবং সুদৃঢ় রাখতে নাগরিক হিসেবে আমাদের সংবিধানের প্রতি আনুগত্য ও শ্রদ্ধাশীল থাকা আবশ্যিক। সবার সাথে, সবার বিকাশের লক্ষ্যে নিজেদেরকে যুক্ত করে গণতন্ত্রকে মজবুত করা এবং শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যই হোক প্রজাতন্ত্র দিবসের অঙ্গীকার।

দেশের একতা, অখন্ডতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য যারা নিজেদেরকে উৎসর্গ করেছেন আমি তাদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করছি।’
